সমকাল

তারিখ ০9 APR 2017
পৃষ্ঠা ৭ কলাম ২

# স্কুলে বসে প্রাইভেট পড়ানো যাবে না

## —শিক্ষামন্ত্রী

■ চাঁদপুর প্রতিনিধি

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কোনো বিদ্যালয়ে বসে প্রাইভেট পড়ানো যাবে না। শনিবার চাঁদপুরের হাইমচর উপজেলার দুর্গাপুর উচ্চ বিদ্যালয় মাঠে চ্যানেল আইয়ের উদ্যোগে শিক্ষা বাজেট অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

অনুষ্ঠানে চ্যানেল আইয়ের পরিচালক শাইখ সিরাজের পরিচালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, স্থানীয় সংসদ সদস্য ডা. দীপু মনি, জেলা প্রশাসক আবদুস সবুর মণ্ডল, অতিরিক্ত পুলিশ সুপার মো. আফজাল হোসেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান নুর হোসেন পাটওয়ারী প্রমুখ।

এ সময় উপস্থিত ছিলেন আওয়ামী লীগের ত্রাণ ও দুর্যোগবিষয়ক সম্পাদক সুজিত রায় নন্দী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক মোহাম্মদ হোসেন, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আবু সালেহ, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. খোরশেদ আলম, জেলা আওয়ামী লীগের নেতা জহিরুল ইসলাম প্রমুখ।

মন্ত্রী শুক্রবার রাতে চাঁদপুর সদর উপজেলার বালিয়া ইউনিয়নের ফরক্কাবাদ ডিগ্রি কলেজের চারতলা একাডেমিক ভবন নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।